গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
প্রশাসন-২ শাখা
www.bpsc.gov.bd

নম্বর : ৮০.০০.০০০০.৪০২.১৯.০১৭.২৬-৫৩৩

তারিখ : ১৫ আশ্বিন ১৪৩৩ / ৩০ সেপ্টেম্বর ২০২৬

অফিস আদেশ

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৩.০৮.২০২৬ তারিখের ৩৭৪ নম্বর স্মারকের নিয়োগপত্রের মাধ্যমে জনাব শেখ নেওয়াজ মাহমুদ-কে অফিস সহায়ক (গ্রেড-২০) পদে নিয়োগ প্রদান করা হয়। উক্ত নিয়োগপত্রের পরিপ্রেক্ষিতে তিনি স্বাস্থ্য সনদসহ ০১.০৯.২০২৬ তারিখ পূর্বাহ্নে যোগদান করেন। দাখিলকৃত স্বাস্থ্য সনদে বিরূপ কোন মন্তব্য নাই। তিনি অসুস্থতা ও ব্যক্তিগত সমস্যার জন্য ২০.০৯.২০২৬ তারিখ হতে ১৯.০৯.২০২৭ তারিখ পর্যন্ত সর্বমোট ০১ (এক) বছরের বিনা বেতনে ছুটির আবেদন করেন। উক্ত আবেদনে উল্লেখ করেন যে, তিনি দীর্ঘমেয়াদী সিজর ডিজঅর্ডার রোগে আক্রান্ত এবং বর্ণিত সমস্যায় মাঝে মাঝেই অজ্ঞান হয়ে পড়েন।

০.২ অত্র কমিশন সচিবালয়ের ০৬.০৯.২০২৬ তারিখের ৪২৮ নম্বর স্মারকের মাধ্যমে তাকে আইন অধিশাখায় পদায়ন করা হয়। গত ০৮.০৯.২০২৬ তারিখ পদায়নকৃত শাখায় যোগদান করে ০৭.০৯.২০২৬ তারিখ হাজিরা খাতায় স্বাক্ষর করেন। তিনি ১৩.০৯.২০২৬, ১৪.০৯.২০২৬, ১৬.০৯.২০২৬ ও ১৭.০৯.২০২৬ তারিখ মোট ০৪ (চার) কর্মদিবস কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন মর্মে আইন অধিশাখা হতে ১৭.০৯.২০২৬ তারিখের ২৯৩ নম্বর ইউ.ও নোটের মাধ্যমে অবহিত করেন। এছাড়াও গত ২০.০৯.২০২৬ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। **উল্লেখ্য, তিনি ০১.০৯.২০২৬ তারিখ অত্র কমিশন সচিবালয়ে যোগদান করেন এবং তাঁর শিক্ষানবিশকাল সম্পন্ন হয়নি।**

০.৩ তিনি যোগদানের সময় দাখিলকৃত স্বাস্থ্য পরীক্ষার সনদ গ্রহণের সময় মিথ্যা তথ্য পেশ করেছেন এবং কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন, যা অসদাচরনের শামিল মর্মে প্রতীয়মান হয়। সে পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের অফিস সহায়ক পদের নিয়োগপত্রের শর্তাবলীর ২ (গ) ও (জ) নম্বর অনুচ্ছেদ এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮-এর ৬(২)(ক) বিধি অনুযায়ী ২০.০৯.২০২৬ তারিখ হতে তাকে চাকুরি হতে অপসারণ করা হলো।

২.০ জনস্বার্থে জারিকৃত এ আদেশ ২০.০৯.২০২৬ তারিখ থেকে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
মোঃ ফজলুর রহমান
সচিব
ফোন: ৫৫০০৬৬২২
secretary@bpsc.gov.bd

জনাব শেখ নেওয়াজ মাহমুদ
পিতা-শেখ নুরুল ইসলাম, মাতা-নাজমিন নাহার
বর্তমান ও স্থায়ী ঠিকানা : গ্রাম-শ্রীপুর, ডাকঘর-শ্রীপুর
উপজেলা-পাবনা সদর, জেলা-পাবনা।

নম্বর : ৮০.০০.০০০০.৪০২.১৯.০১৭.২৬-৫৩৩

তারিখ : ১৫ আশ্বিন ১৪৩৩ / ৩০ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. উপসচিব (প্রশাসন/অর্থ ও সেবা/বাজেট ও উন্নয়ন), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
২. পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/নন-ক্যাডার)/আইন উপদেষ্টা/পরিচালক (সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
৩. উপপরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, সকল আঞ্চলিক কার্যালয়।
৪. চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (চেয়ারম্যান-এঁর সদয় অবগতির জন্য)
৫. সচিবের একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (সচিব-এঁর সদয় অবগতির জন্য)
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরাধসহ)
৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
৮. যুগ্মসচিবের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (যুগ্মসচিব-এঁর সদয় অবগতির জন্য)
৯. বিজ্ঞ সদস্য (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (সদস্য-এঁর সদয় অবগতির জন্য)

৩০/৯/২৬
ড. এম, এম, মাজেদুল ইসলাম
উপসচিব (অর্থ ও সেবা)
(বিকল্প দায়িত্ব)

D:\Release Letter.doc